

উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ জরুরী

যৌথ কর্মশালায় বক্তাদের তাগিদ

স্টাফ রিপোর্টার : নিরঙ্করতা দুরীকরণে উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর পরিকল্পনা ও ব্যবস্থাপনার বিকেন্দ্রীকরণ জরুরী। স্থানীয় পর্যায়ের পরিকল্পনা ও ব্যবস্থাপনা তৃণমূল জনগণের অধিকতর পছন্দনীয়। এতে সম্পদের সচিবহার হয়। বিকেন্দ্রীকরণের ফলে পরিকল্পনা ও সম্পদ সমাবেশের কার্যকারিতা ও দক্ষতার উন্নয়ন হয়। উন্নয়ন প্রক্রিয়ায় তৃণমূল জনগণের অংশগ্রহণমূলক হলে পরিকল্পনা বাস্তবায়ন সহজ হয় ও সর্বক্ষেত্রে স্বচ্ছতা থাকে। গতকাল (বুধবার) ঢাকা আহছানিয়া মিশন, ইউনেস্কো ঢাকা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মিলিত উদ্যোগে রাজধানীর তেজগাঁওস্থ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অডিটোরিয়ামে দু'দিনব্যাপী উপানুষ্ঠানিক শিক্ষা পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ কর্মশালায় বক্তারা এ কথা বলেন। বক্তারা আরও বলেন, সবার

জন্য শিক্ষা কার্যক্রম আশোপালনকে জোরদার করার জন্য তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষা বাস্তবায়নকারী কর্মকর্তা ও কর্মীদের সামর্থ্য উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। জেলা, উপজেলা, ইউনিয়ন, গ্রাম ও তৃণমূল পর্যায়ে সংগঠনসমূহের দক্ষতা ও বেগবান করার জন্য এই কর্মশালা খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মহাপরিচালক হেজাউল কাদেরের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নিশিথ কুমার সরকার। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনেস্কো ঢাকার কর্মসূচী স্পেশালিস্ট কিচি ওয়াইসু। এছাড়াও হাগাত দক্বা রাবেন মিশনের প্রশিক্ষণ ও উপকরণ উন্নয়ন বিভাগের পরিচালক এমএ রশিদ। কর্মশালায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ১৮ জন, প্রাথমিক ও গণশিক্ষা

মন্ত্রণালয়ের ২ জন, ঢাকা আহছানিয়া মিশন, গণশিক্ষার অভিযান, ওয়েব ফাউন্ডেশন, অ্যাডাক ও টিএমএসএসের ৫ জন কর্মকর্তাসহ মোট ২৫ জন উপস্থিত কর্মকর্তা অংশগ্রহণ করেন।